দৈনিক সংবাদ

২১/৭/২০০৩

তারিখ ...........
পৃষ্ঠা ...২... কলাম ...২...

৭টি নতুন বিশ্ববিদ্যালয়

# ভিসি-প্রো-ভিসি নিয়োগ বন্ধ রেখেছে তত্ত্বাবধায়ক সরকার

নিজস্ব বার্তা পরিবেশক ঃ গত সরকারের সময় নেয়া সিদ্ধান্ত অনুযায়ী ৭টি বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি নিয়োগ ও ৪টি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কমিটিতে চ্যান্সেলর কর্তৃক বিশেষজ্ঞ সদস্য মনোনয়নের বিষয়টি তত্ত্বাবধায়ক সরকারের নির্দেশে বন্ধ রয়েছে। গত ১৮ই জুলাই এই স্থগিতাদেশ দেয়া হয়।

দেশের ১১টি বিশ্ববিদ্যালয়ে নতুন ভিসি, প্রো-ভিসি নিয়োগের এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কমিটিতে চ্যান্সেলর কর্তৃক বিশেষজ্ঞ মনোনয়নের জন্য সিদ্ধান্ত নেয়া হয়। এই সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি এখন অনিশ্চয়তার মধ্যে রয়েছে।

গত সরকার যেসব বিশ্ববিদ্যালয়ে যাদেরকে ভিসি, প্রো-ভিসি নিয়োগের সিদ্ধান্ত নিয়েছিল তারা হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গোপালগঞ্জে ভাইস চ্যান্সেলর

নিয়োগ বন্ধ ঃ পৃঃ ২ কঃ ৮

## নিয়োগ বন্ধ ঃ ভিসি-প্রো-ভিসি

( ১ম পৃষ্ঠার পর )

প্রফেসর মু. খায়রুল আলম, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিনাজপুরে ভাইস চ্যান্সেলর প্রফেসর মু. আনিসুর রহমান, রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় রংপুরে প্রফেসর মু. খালেকুজ্জামান, মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় টাঙ্গাইলে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. আমিনুল হক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পটুয়াখালীতে ভাইস চ্যান্সেলর প্রফেসর এইচ.কে.এম ইউসুফ, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটিতে ভাইস চ্যান্সেলর প্রফেসর মু. সেকান্দার খান এবং প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয় ঢাকাতে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর দীপক কান্তি দাস। এছাড়া জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১০ জন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে ১০ জন, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৫ জন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ৫ জনকে চ্যান্সেলর বিশেষজ্ঞ হিসেবে নিয়োগের সিদ্ধান্ত নেয়া হয়েছিল।